

মোহনপুর উপজেলার নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি র মার্চ /২০২৪ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : (আয়শা সিদ্দিকা)  
উপজেলা নির্বাহী অফিসার  
মোহনপুর, রাজশাহী

সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ  
মোহনপুর, রাজশাহী

সভার তারিখঃ ১৮/০৩/২০২৪ খ্রিঃ  
সময়ঃ বেলা ৯- ১১.০০ ঘটিকায়  
উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট- ক  
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট- খ

সভার শুরুতেই সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কারো কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

#### ১। মামলা নিষ্পত্তিঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, চলতি মাসে মোহনপুর থানায় ফেব্রুয়ারি/২৪ মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০২। মামলা সমূহ প্রক্রিয়াধীন।	দায়েরকৃত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অফিসার ইনচার্জ মোহনপুর, রাজশাহী এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	অফিসার ইনচার্জ, মোহনপুর, রাজশাহী।

#### ২। ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা :


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৬টি ইউনিয়ন থেকে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। প্রতিটি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করার ব্যাপারে সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ করেন।	নিয়মিতভাবে প্রতিমাসেই ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সংক্রান্ত সভার কার্যবিবরণী যথা সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি। ০২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল)।

#### ৩। নারী ও শিশু নির্যাতন নিরোধ সংক্রান্ত উদ্বুদ্ধকরণ সভা :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মিথ্যা মামলা, শিশু শ্রম, বাল্য বিবাহ, যৌতুক প্রদান, নিবন্ধনবিহীন ও নিয়ম বর্হিজুত বিবাহ, যৌন- হয়রানী প্রতিরোধ সংক্রান্ত সভা নিয়মিত করার জন্য সভাপতি উপস্থিত সকল সদস্যকে বলেন। ইউ,পি চেয়ারম্যানগণকে ইউনিয়ন কমিটির রেজুলেশন দিতে মৌখিকভাবে বলা হলে মৌগাছি, বাকশিমইল ও জাহানাবাদ ইউ,পি থেকে পাওয়া গেলেও গত কয়েকমাস থেকে কোন ইউনিয়ন থেকে কার্যবিবরণী পাওয়া যায়নি। ইউ,পি	১। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে গ্রাম-গঞ্জে উদ্বুদ্ধকরণ সভা, উঠান-বৈঠক, অব্যাহত রাখতে হবে। ২। সচেতনতামূলক সভা আয়োজন করতে হবে। ৩। ইমামদের নিয়ে সভা এবং শান্তির ব্যবস্থা করতে হবে। ৪। অভিভাবক সমাবেশ করতে হবে।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি। ২। মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনপুর, রাজশাহী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

<p>চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আত্মহত্যা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিমূলক উঠান বৈঠকের আয়োজন করতে বলা হয়। এ ছাড়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ মাসে ০২টি উঠান বৈঠক হয়েছে।</p>	<p>৫। ইসলামিক ফাউন্ডেশন ও ইমামদের মনিটরিং করতে হবে। ৬। গ্রাম্য পুলিশ বিয়ে বন্ধ করলে পুরস্কার দেয়া যেতে পারে। ৭। সহকারী নিকাছ রেজিষ্টারদের বাদ দেয়ার পরামর্শ করা হয়।</p>	
--	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৮/০৩/২৪

(আয়শা সিদ্দিকা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি

মোহনপুর, রাজশাহী।

স্মারক নংঃ ৩২.০১.৮১৫৩.০০০.০৬.২৪৬.১৮-৭০

তারিখঃ ১৮/০৩/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
- ৩। অফিস কপি।



(বন্দনা সাহা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

মোহনপুর, রাজশাহী।